গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষের সংবাদ সম্মেলন

গাংনীর মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে ষড়যন্ত্র, হয়রানী ও মানহানিমুলক কথা বলার প্রতিবাদ এবং জন্ম সাল নিয়ে যে বিভ্রান্তিমুলক অপপ্রচার চলছে তারই প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন কলেজের অধ্যক্ষ মো: খোরশেদ আলী।

আজ শুক্রবার সকাল ১০ টায় গাংনী মহিলা কেেলেজর সভা কক্ষে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন অধ্যক্ষ মো: খোরশেদ আলী। তিনি বলেন,আমি গাংনী মহিলা ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা অধক্ষ্য। ১৯৯৫ সাল থেকে এযাবত সুনামের সাথে দায়িত্ব পালন করে আসছি। সমপ্রতি দেশে একটি বৈপ্লবিক ঘটনা ঘটেছে।এই সুযোগে হঠাৎ করে অত্র কলেজের ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক সাজেদুল ইসলাম বুলু কলেজে অস্থিতিশীল পরিস্থিতি সৃস্টি করার জন্য আমার নামে বিভিন্ন মিথ্যাচার বানোয়াট ও ভিত্তিহীন অভিযোগ দায়ের করেছে। সাজেদুল ইসলাম বুলু যে বিষয়ে পড়ান দীর্ঘ ২২ বছর সেই বিষয়ে কোন ছাত্রী ভর্তি না করায় তাকে ক্লাশে উপস্থিত থাকতে হয়না। তিনি কলেজে এসে হাজিরা খাতায় স্বাক্ষর করে বাড়িতে গিয়ে প্রাইভেট পড়ান এবং মাস শেষে কলেজের বেতন ভোগ করেন। এর প্রতিবাদ করায়, সে একাধিকবার আমাকে অপদস্থ করেছে। সে শিক্ষার্থীদের সামনে দুইজন শিক্ষক কে মেরে আহত করে।

এছাড়া অর্থনীতি বিভাগের সহকারি অধ্যাপক বেদারুল আলম এমন পরিস্থিতিতে কলেজে এসে নিজেকে কলেজের অধ্যক্ষ ঘোষনা দিয়েছেন এবং শিক্ষকদের হাজিরা খাতা বগলে করে নিয়ে বেড়াচ্ছে। বলে বেড়াচ্ছেন কলেজ আমার কথায় চলবে এবং অধ্যক্ষের ঘরে তালা ঝুলিয়ে দেয়া হবে।

সংবাদ সম্মেলনে কলেজ অধ্যক্ষ খোরশেদ আলী আরও বলেন,তাদের অভিযোগ আমার জন্ম তারিখ সংক্রান্ত। আমি মহা: খোরশেদ আলী ও আমার ছোটভাই মুরাদ হোসেন ক্লাশ ওয়ান থেকে মাস্টার্স পর্যন্ত এক সাথে লেখাপড়া করি। এলাকার সকলে মনে করতো আমরা দুজন জমজভাই। আমার যিনি বড়ভাই মো : মুজাহিদ হাসান সে আমার চেয়ে দুই বছরের বড়।তার এসএসসি ১৯৭৮ সালে।আমার আর মুরাদের এসএসসি ১৯৮০ সালে। মুজাহিদের জন্ম তারিখ

সার্টিফিকেট অনুযায়ী করা হয়েছে ১/১/১৯৬৪ সাল। আর আমার জন্ম তারিক এসএসসি সার্টিফিকেট এ করা হয়েছে ৩১/১২/১৯৬৩ সাল। অর্থাৎ বড় ভাইয়ের চেয়ে আমাকে এক বছরের বড় বানিয়ে দেয়া হয়েছে। বাবা মায়ের দায়িত্বহীনতার কারনে বয়সের বিড়ম্বনা ছাড়া আর কিছুই না। পরে কলেজ প্রতিষ্ঠার অনেক আগে আমরা বয়স সংশোধন করা হয়েছে। পরে শিক্ষা বোর্ড থেকে বিধি মোতাবেক বড় ভাইয়ের এক বছরের ছোট করে আমার জন্ম তারিখ করা হয় ৩১/১২/১৯৬৫ সাল। সাজেদুল ইসলাম বুলু ও বেদারুল ইসলাম গত ২৪ সেপ্টেম্বর গাংনী উপজেলা পরিষদের সামনে মানববন্ধন করে। আমি এসবের তীব্র প্রতিবাদ ও নিন্দে জানাই।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন ২০২০ সাল থেকে ২০২৪ সালে নিয়োগের ক্ষেত্রে কোনো টাকার লেনদেন হয়নি। এবং বিগত দিনেও কলেজে নিয়োগ বাণিজ্য করা হয়নি। আমি অর্থ ও পাচুর্য্য বিলাশী নই। আমি আজও একটি ভাল বাড়ি বানাতে পারিনি। আজও ভাড়া বাড়িতে বসবাস করি।

সংবাদ সম্মলনে কলেজের সহকারি অধ্যক্ষ হারুন অর রশীদ রবি,মো: রমজান আলী,ও গণমাধ্যম কর্মী উপস্থিত ছিলেন।

গাংনী মহিলা ডিগ্রী কলেজে নানা আয়োজনে মহান স্বাধীনতা দিবস পালিত

গাংনী মহিলা ডিগ্রী কলেজের আয়োজনে মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সূর্যোদয়ের সাথে সাথে কলেজ প্রাঙ্গনে উত্তোলন করা হয় জাতীয় পতাকা।

একই সাথে মহান মুক্তিযুদ্ধে আত্নদানকারি শহীদ মুক্তিযোদ্ধাদের সম্মানে ও হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পূষ্পস্তবক অর্পণ করেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি এএসএম ইমন। পরে একটি বর্ণাঢ্য র্যালী কলেজ পরিচালা পর্ষদের সভাপতি এম এ এস ইমনের নেতৃত্বে কলেজ প্রাঙ্গন

থেকে বের হয়ে গাংনী শহরের বিভিন্ন সড়ক পদক্ষিণ করে। পরে আলোচনা সভা অিনিুষ্ঠত হয়।

কলেজ অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের প্রকাশক,রাজধানী টেলিভিশনের চেয়ারম্যান এম এ এস ইমন।

এদিন দুপুরে শিক্ষক কর্মচারি বৃন্দের সাথে শিক্ষার মানউন্নয়ন বিষয়ক আলোচনা হয় এবং পরবর্তীতে গভর্নিং বডির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সকল অনুষ্ঠানে কলেজের সহকারি অধ্যাপক(বাংলা বিভাগ) রমজান আলী, সকারি অধ্যাপক (ব্যবস্থাপনা বিভাগ) হারুন অর রশিদ রবি,সহকারি অধ্যাপক(অর্থ) সাইফুর রহমান টোকনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনী মহিলা ডিগ্রী কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

গাংনী মহিলা ডিগ্রী কলেজে ২০২৩ সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২২ নভেম্বর) সকাল ১০ টায় মহিলা ডিগ্রী কলেজ মাঠে জাতীয় সংগীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য র্যালির মধ্য দিয়ে ক্রীড়া প্রতিযোগিতার সুচনা করা হয়।

প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টের মধ্যে ছিল ব্যাডমিন্টন, চকলেট দৌড়, বর্শা নিক্ষেপ, সুই সুতা পড়ানো, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, মার্বেল দৌড় এবং কলেজের শিক্ষক-শিক্ষিকাদের জন্য হাড়িভাঙ্গা ও পিলো পাসিং।

উদ্বোধনী অনুষ্ঠানে গাংনী মহিলার ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে ও সহকারি অধ্যাপক মনোয়ার হোসেনের সঞ্চালনায়,

প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন কলেজের গভর্নিং বডির সভাপতি এম এ এস ইমন।

ক্রিড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ২৬ নভেম্বর রবিবারে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ।

গাংনী মহিলা ডিগ্রী কলেজে পিঠা উৎসব উপলক্ষে প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনী মহিলা ডিগ্রী কলেজে প্রতিবছরের ন্যায় এবারও বর্ণাঢ্য ও জাকজমক আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে পিঠা উৎসব। পিঠা উৎসব ও একাদশ শ্রেনীর ক্লাশ উদ্বোধনকে স্মরণীয় করে রাখতে কলেজ কর্তৃপক্ষ গ্রহন করেছেন নানা উদ্যোগ।

এ বছরের পিঠা উৎসবকে আরও প্রাণবন্ত করতে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে গাংনী মহিলা ডিগ্রী কলেজে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। প্রস্তুতি সভায় কলেজের অধ্যক্ষ মহাঃ খোরশেদ আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন। এসময় উপস্থিত ছিলেন কলেজের সহকারী অধ্যাপক মোঃ রমজান আলী,সহকারী অধ্যাপক সাইফুর রহমান টোকন, বিদ্যোৎসাহী প্রতিনিধি মোঃ নকিম উদ্দিন প্রমুখ।

এবারের পিঠা উৎসব ও একাদশ শ্রেণির ক্লাস উদ্বোধন অনুষ্ঠান সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি এমএএস ইমন।

জানা গেছে, আগামী ১ লা ফেব্রুয়ারি ২০২৩ ইং তারিখ সকাল ৯ টার সময় কলেজ প্রাঙ্গণে পিঠা উৎসব অনুষ্ঠিত হবে। এ অনুষ্ঠান চলবে বিকাল ৫ টা পর্যন্ত। এর আগে সকাল ৯ টার সময় একাদশ শ্রেণির ক্লাস উদ্বোধন করা হবে। একাদশ শ্রেণির ক্লাস উদ্বোধন ও পিঠা উৎসবে যোগ দেবেন জনপ্রতিনিধি সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ।

পরে পিঠা উৎসবে অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে।

অনুষ্ঠানটি সকলের জন্যই থাকবে উন্মুক্ত । বাঙালির ঐতিহ্যবাহী বিভিন্ন রকমের বাহারি নকশায় ও বিভিন্ন স্বাদের পিঠাপুলি নিয়ে শিক্ষার্থীরা সাজাবে পিঠা প্রতিযোগিতার সকল স্টল।

গাংনী মহিলা ডিগ্রী কলেজের শিক্ষক কর্মচারীদের সাথে সভাপতির মতবিনিময়

গাংনী মহিলা ডিগ্রী কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি (নিয়মিত) ও সদস্যদের সাথে কলেজের শিক্ষক,কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুরে কলেজের মিলানায়তন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। পরিচালনা পরিষদের সভাপতি আব্দুস শুকুর ইমন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকলের সাথে মতবিনিময় করেন।

কলেজের অধ্যক্ষ খোরশেদ আলমের সভাপতিত্বে নিয়মিত কমিটির অন্যন্য সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বিদ্যা উৎসাহী সদস্য মোঃ নকিম উদ্দীন,শিক্ষানুরাগী সদস্য মোঃ সামসুল কামাল,শিক্ষক প্রতিনিধি সহকারি অধ্যক্ষ মোঃ রমজান আলী,সহকারি অধ্যক্ষ মোঃ সাইফুর রহমান,প্রদর্শক আছমা আক্তারসহ কলেজের শিক্ষক ও কর্মচারীবৃন্দ।

দুই বছর মেয়াদী নিয়মিত কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হওয়ায় আব্দুস শুকুর ইমনকে কলেজের পক্ষ থেকে ফুলের শুভেচ্ছা ও অভিনন্দন জানান শিক্ষক কর্মচারী ও অন্যান্য সদস্যরা।

জানাগেছে, আব্দুস শুকুর ইমন পরপর দু’বার কলেজের পরিচালনা পর্ষদের আহবায়ক কমিটির সভাপতির দায়িত্ব পালন করে আসছেন। এবারও তিনি প্রথম বারের মত নিয়মিত কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। আব্দুস শুকুর ইমনকে কলেজের সভাপতি হিসেবে পাওয়ায় উপস্থিত সকলেই গর্ববোধ করে বলেন, আমাদের গাংনী উপজেলায় একটি মাত্র মহিলা ডিগ্রী কলেজ। যেখানে উপজেলার সব শ্রেনীর মানুষের ছেলে মেয়েরা লেখা পড়ে করে।